

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা
www.shniyd.gov.bd

বিষয়ঃ ২০২৩-২০২৪ অর্থ বছরে কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : উপপরিচালক(প্রশাসন ও অর্থ)
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।
সভার তারিখ : ২২/০৮/২০২৩ খ্রি.
বার ও সময় : মঙ্গলবার ও সকাল ১১:০০ টা
সভারস্থান : সম্মেলন কক্ষ, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
উপস্থিতি : পরিশিষ্ট “ক”


শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের ২০২৩-২০২৪ অর্থ বছরে কর্ম-পরিবেশ উন্নয়ন কমিটির সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কমিটির সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভাপতি কর্ম-পরিবেশ উন্নয়ন কমিটির সদস্য সচিব জনাব আবদুল কাইয়ুম, সহকারী পরিচালক (প্রশাসন)কে সভার কার্যপত্র অনুযায়ী তথ্যাদি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০২। সভায় নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	২৭ মার্চ ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী বিষয়ে কোন সংযোজন/সংশোধন প্রস্তাব থাকলে তা উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়।	কোনে সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়।	উপপরিচালক(প্রশাসন ও অর্থ)
০২	সকল কর্মকর্তা ও কর্মচারীদের নির্ধারিত সময়ে অফিসে উপস্থিতির বিষয়ে সভায় আলোচনা করা হয়।	সকল কর্মকর্তা ও কর্মচারীদের নির্ধারিত সময়ে অফিসে উপস্থিতি নিশ্চিত করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
০৩	ইনস্টিটিউটের সকল কর্মকর্তা ও কর্মচারীদের আইডি কার্ড প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	ইনস্টিটিউটের সকল কর্মকর্তা ও কর্মচারীদের আগামী এক মাসের মধ্যে আইডি কার্ড প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	সহকারী পরিচালক (প্রশাসন)
০৪	ডেঙ্গু প্রতিরোধে ইনস্টিটিউট চত্বর, হোস্টেল প্রাঙ্গণ ও আবাসিক কমপ্লেক্সের পরিচ্ছন্নতা রাখা।	১. ডেঙ্গু প্রতিরোধে প্রশাসনিক কাম একাডেমিক ভবন, হোস্টেল সমূহ, আবাসিক ভবনসমূহের ড্রেন ও আগাছা সপ্তাহে একদিন পরিষ্কার করা এবং জীবানুনাশক স্প্রে করার ব্যবস্থা গ্রহণ করা। ২. প্রশিক্ষার্থীদের মাধ্যমে সপ্তাহে একদিন ক্যাম্পাসের পরিষ্কার পরিচ্ছন্নতার কার্যক্রম পরিচালনা করা। ৩। প্রশাসনিক ভবন, একাডেমিক ভবন, হোস্টেল সমূহ (টয়লেটসহ), অভ্যন্তরীণ রাস্তা ও মাঠের ঘাস নিয়মিত পরিষ্কার করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন) সহকারী পরিচালক (প্রশিক্ষণ) সহকারী পরিচালক (প্রকাশনা)
০৫	৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান বিষয়ে সভায় আলোচনা করা হয়।	পোষাক খাতে অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ৪র্থ শ্রেণির কর্মচারীদের যথাশীঘ্র দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করতে হবে।	সহকারী পরিচালক(প্রশাসন) সহকারী পরিচালক (অর্থ)

নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০৬	অকেজো মালামাল নিষ্পত্তিকরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়।	প্রতিটি ভবনের সরেজমিনে পরিদর্শন করে ব্যবহার অযোগ্য মালামালের তালিকা তৈরী করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
০৭	অকেজো নথি বিনষ্টকরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়।	অকেজো নথি সমূহ বাছাই পূর্বক আগামী ১ মাসের মধ্যে বিনষ্টকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সহকারী পরিচালক(প্রশাসন)
০৮	হোস্টেলের ফ্রিজ ও পানির ফিল্টার সচল রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	হোস্টেলের ডিপ ফ্রিজ ও পানির ফিল্টার সচল রাখার জন্য জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সহকারী পরিচালক(প্রশাসন)
০৯	অফিস সহায়কদের রুম/টি-রুমে ফ্যানের প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	অফিস সহায়কদের রুম/টি-রুমে একটি ফ্যান স্থাপনের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	সহকারী পরিচালক(প্রশাসন)

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



কামরুন নাহার

উপপরিচালক (প্রশাসন ও অর্থ)

ও

আহবায়ক, কর্মপরিবেশ উন্নয়ন কমিটি
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

স্মারকনং- ৩৪.০৬.২৬৭২.০০০.০৬.১৭৯.২৩- ২০১৪/১০

তারিখঃ ২৩.০৮.২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ০১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় সদয় অবগতির জন্য)
- ০২। জনাব, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।
- ০৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট (মহাপরিচালক মহোদয় সদয় অবগতির জন্য)।
- ০৪। অফিস কপি।



আবদুল কাইয়ুম

সহকারী পরিচালক(প্রশাসন)

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।